

তথ্য কমিশনে আজকের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৯টি অভিযোগের শুনানীশেষে ০৫টি অভিযোগের নিষ্পত্তি করা হয় এবং ০৪টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে গাজীপুরের জয়দেবপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, কুমিল্লা জেলা রেজিস্ট্রার রেকর্ড রুমের সাব রেজিস্ট্রার, কিশোরগঞ্জের কটিয়াদীর জিনিয়াস এডুকেশন কমপ্লেক্সের অধ্যক্ষ, গাইবান্ধার সুন্দরগঞ্জের শোভাগঞ্জ ডিগ্রী কলেজের অধ্যক্ষ এবং গাইবান্ধা জেলা পরিষদের উপ সহকারী প্রকৌশলীর বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে ঢাকা জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার, সোনালী ব্যাংক লিমিটেডের মতিঝিল লোকাল অফিসের মহাব্যবস্থাপক, ঢাকা ধানমন্ডি সার্কেলের সহকারী কমিশনার (ভূমি) এবং বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের সহকারী ওয়াকফ প্রশাসকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।

স্বাঃ-

২৩-০১-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd